

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৪২.১৯-৬৫৭

তারিখঃ ২৫ অগ্রহায়ণ ১৪২৬
১০ ডিসেম্বর ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-৫৩৬৯/২০১৯ এর প্রেক্ষিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণসহ গৃহীত কার্যক্রম এ বিভাগকে অবহিতকরণ।

সূত্রঃ মাননীয় হাইকোর্ট হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৫৩৬৯/২০১৯ এর বুলনিশি।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট মামলার বিবরণ নিম্নরূপঃ

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্টস	মামলা দায়েরের কারণ/বিষয়
৫৩৬৯/২০১৯	জনাব একেএম হাবুন-অর-রশিদ মজুমদার অধ্যক্ষ, সুহৃদ এ.কে কলেজ অব সায়েন্স এন্ড টেকনোলজী, লাঞ্জলকোট, কুমিল্লাসহ অপর ৪৬ জন।	১। সচিব, SHED, ২। সচিব, TMED, ৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় ৪। মহাপরিচালক, মাউশি অধিদপ্তর, ৫। DG, মহাপরিচালক, DTE ৬। চেয়ারম্যান, BTEB এবং আরো অন্যান্যসহ মোট ০৯ (নয়) জন।	পিটিশনারগণের প্রতিষ্ঠান এমপিওতে অন্তর্ভুক্তির দাবী করে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৫৩৬৯/২০১৯ দায়ের করা হয়।

০২। উল্লেখ্য, উক্ত রিট মামলাটি গত ১৩.০৫.১৯ তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক বুল শুনানি শেষে পিটিশনারগণের প্রতিষ্ঠান কেন এমপিওতে অন্তর্ভুক্ত করা হবে না, সেমর্মে কারণ দর্শানোর জন্য রেসপনডেন্টগণের প্রতি নির্দেশনা দেয়া হয়েছে। সে প্রেক্ষিতে বর্ণিত রিট মামলার বিষয়ে সরকার পক্ষে দ্রুত মামলার জবাব (Affidavit in opposition) দাখিল আবশ্যিক।

০৩। সেমতে উক্ত রিট মামলায় সরকার পক্ষে মামলার জবাব (Affidavit in opposition) দাখিলের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কিনা? হয়ে থাকলে মামলার সর্বশেষ অবস্থা কি? না হয়ে থাকলে দ্রুত মামলার জবাব (Affidavit in opposition) দাখিলক্রমে আগামী ২৪.১২.১৯ খ্রি: এর মধ্যে এ বিভাগকে অবহিত করা প্রয়োজন।

০৪। এমতাবস্থায়, উপরি-উক্ত মতে রিট পিটিশন নং-৫৩৬৯/২০১৯ মামলার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ সরকার পক্ষে দ্রুত মামলার জবাব (Affidavit in opposition) দাখিলের আইনানুগ ব্যবস্থা গ্রহণক্রমে আগামী ২৪.১২.১৯ খ্রি: এর মধ্যে এ বিভাগকে অবহিতের (প্রমাণকসহ) জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।


(এ.কে.এম শহীদুল্লাহ)
উপসচিব (অডিট ও আইন)
ফোন: ৯৫৭৪০৯০

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব/উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।